# সংকরায়নের মাধ্যমে উদ্ভাবিত
# উচ্চ ফলনশীল আলু জাতের পরিচিতি




**কন্দাল ফসল গবেষণা কেন্দ্র**

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

# সংকরায়নের মাধ্যমে উদ্ভাবিত উচ্চ ফলনশীল আলু জাতের পরিচিতি



কন্দাল ফসল গবেষণা কেন্দ্র

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট



# সংকরায়নের মাধ্যমে উদ্ভাবিত উচ্চ ফলনশীল আলু জাতের পরিচিতি


রচনায়

**ড. বিমল চন্দ্র কুন্ডু**
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা

**সাওদা নাজনীন**
বৈজ্ঞানিক কর্মকর্তা

**মো. মাজেদুল ইসলাম**
বৈজ্ঞানিক কর্মকর্তা

**মো. হারুনর রশীদ**
বৈজ্ঞানিক কর্মকর্তা

ও

**ড. তপন কুমার পাল**
পরিচালক

সম্পাদনায়

মো. হাসান হাফিজুর রহমান
মো. আল-আমিন



**কন্দাল ফসল গবেষণা কেন্দ্র**

**বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট**

**জয়দেবপুর, গাজীপুর-১৭০১**

**প্রকাশকাল**
অক্টোবর ২০১৮
২,০০০ কপি

**প্রকাশনায়**
**সম্পাদনা ও প্রকাশনা**
**প্রশিক্ষণ ও যোগাযোগ উইং**
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর-১৭০১, বাংলাদেশ
ফোন: ০২ ৪৯২৭০০৩৮
ই-মেইল: editor.bjar@gmail.com

**বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ**
**কন্দাল ফসল গবেষণা কেন্দ্র**
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর-১৭০১, বাংলাদেশ
ফোন: +৮৮-০২-৪৯২৭০১৭৮
ই-মেইল: dir.tcrc@bari.gov.bd

**স্বত্ব সংরক্ষিত**
**বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট**

**মুদ্রণে**
**লুবনা প্রিন্টিং এন্ড প্যাকেজিং**
৫৬, ভজহরি সাহা স্ট্রিট, নারিন্দা
ঢাকা-১১০০
ফোন : ৯৫৬৪৫৪০

***Correct Citation:*** B.C. Kundu, S. Naznin, M. M. Islam, M. H. Rashid and T. K. Paul. 2018. Description of High Yielding Potato Varieties Developed through Hybridization (*In Bengali*), Tuber Crops Research Centre, Bangladesh Agricultural Research Institute (BARI), Joydebpur, Gazipur-1701.

**মহাপরিচালক**
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট



# মুখবন্ধ

আলু বাংলাদেশের একটি অন্যতম অর্থকরী ফসল। বাংলাদেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে উচ্চ ফলনশীল আলুর জাতের কোন বিকল্প নেই। বিগত শতকের ষাটের দশকে আমাদের দেশে আলু নিয়ে গবেষণা শুরু হলেও দেশের আবহাওয়া আলুর জাত উদ্ভাবনের জন্য উপযোগী না হওয়ায় দীর্ঘদিন নতুন কোন জাত উদ্ভাবিত হয়নি। সে সময় বিদেশ হতে আমদানীকৃত জাতের মধ্য থেকে যাচাই এর মাধ্যমে দেশে চাষাবাদের জন্য অনুমোদন দেওয়া হয়। এছাড়াও আন্তর্জাতিক আলু গবেষণা কেন্দ্র থেকে জার্মপ্লাজম এনে দেশে চাষাবাদের উপযোগিতা যাচাই এর মাধ্যমে উচ্চ ফলনশীল জাত উদ্ভাবন করা হয়। পরবর্তীতে আশির দশকে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর বিজ্ঞানীরা নিরলস পরিশ্রমের মাধ্যমে নতুন জাত উদ্ভাবন করতে সক্ষম হয়। ১৯৮০ সালে সংকরায়নের মাধ্যমে জাত উদ্ভাবনের যাত্রা শুরু হয়। দীর্ঘ প্রায় ৩২ বৎসর গবেষণার মাধ্যমে ২০১২ সালে বিএআরআই বিজ্ঞানীরা সর্ব প্রথম নিজস্ব সংকরায়নের মাধ্যমে নতুন আলুর জাত আবিষ্কারে সক্ষম হয়। এর ধারাবাহিকতায় ২০১৬-২০১৭ অর্থ বৎসর পর্যন্ত ১৩টি উচ্চ ফলনশীল জাত উদ্ভাবিত হয়েছে। এদের প্রত্যেকের গড় ফলন প্রায় ৪০ টন/হেক্টর। এই জাতগুলোর মধ্যে আগাম জাত, তাপসহনশীল জাত, প্রক্রিয়াজাতকরণ উপযোগী জাত, অধিক দিন সাধারণ তাপমাত্রায় সংরক্ষণশীল জাত, ভাইরাস প্রতিরোধী, স্ক্যাব (দাদ রোগ) প্রতিরোধী, নাবী ধ্বসা প্রতিরোধী জাত রয়েছে। তাই কন্দাল ফসল গবেষণা কেন্দ্রের উদ্যোগে **"সংকরায়নের মাধ্যমে উদ্ভাবিত উচ্চ ফলনশীল আলু জাতের পরিচিতি"** শীর্ষক সময় উপযোগী একটি পুস্তিকা বের হচ্ছে যা অত্যান্ত আনন্দের। এই পুস্তিকাটিতে এ পর্যন্ত নিজস্ব সংকরায়নের মাধ্যমে উদ্ভাবিত সকল জাতের বৈশিষ্ট্যাবলী ছবিসহ বাংলায় ও ইংরেজীতে উপস্থাপন করা হয়েছে।

আমি আশাকরি, আলু উৎপাদনকারী, ভোক্তা, শিল্পোদ্যোক্তা, শিক্ষার্থী, গবেষকসহ সবাই পুস্তিকাটি ব্যবহার করতে পারবে। পুস্তিকাটি ব্যবহার করে পাঠক উপকৃত হলেই আমাদের এই ক্ষুদ্র প্রয়াস সার্থক হবে।

এই উদ্যোগে যারা মেধা ও শ্রম দিয়েছেন সবাইকে জানাই আন্তরিক অভিনন্দন। সকলকে পুস্তিকাটি পড়ার এবং ভবিষ্যতে পূণঃমুদ্রণের সময় মান উন্নয়নকল্পে কোন পরামর্শ থাকলে তার আমন্ত্রণ জানাচ্ছি। সবাইকে ধন্যবাদ।

**(ড. আবুল কালাম আযাদ)**



**পরিচালক**
কন্দাল ফসল গবেষণা কেন্দ্র
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট



# প্রাক্‌কথন

বাংলাদেশের খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণে ফসলের উচ্চ ফলনশীল জাতের কোন বিকল্প নেই। আলু আমাদের দেশের অন্যতম প্রধান অর্থকরী ফসল। ফলে এদেশে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে এবং ভাত নির্ভর খাদ্যাভাস পরিবর্তনে আলু হতে পারে উত্তম বিকল্প। আমাদের দেশে ১৯৬০ সাল থেকে উচ্চ ফলনশীল আলুর জাত উদ্ভাবনে গবেষণা শুরু হয়েছে এবং ২০০০ সাল পর্যন্ত আলুর জাত উদ্ভাবন প্রবর্তন (Introduction) ও নির্বাচনের (Selection) মধ্যেই সীমাবদ্ধ ছিল। সাধারণত বিদেশ হতে আমদানিকৃত জাতের মধ্য থেকে এ দেশে চাষের উপযোগিতা যাচাই এর মাধ্যমে উচ্চ ফলনশীল জাত অবমুক্ত করা হয়। কিন্তু বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিএআরআই) এর কন্দাল ফসল গবেষণা কেন্দ্রের বিজ্ঞানীবৃন্দ দীর্ঘ ৩০ বছর গবেষণার মাধ্যমে ২০১২ সালে সর্ব প্রথম নিজস্ব সংকরায়নের মাধ্যমে নতুন আলুরজাত উদ্ভাবনে সক্ষম হন। যেহেতু আলু ফসলে একক সময়ে একক জমিতে সর্বাধিক ফলন পাওয়া যায়, সে কারণে বাংলাদেশে দিন দিন আলু চাষে জমির পরিমাণ বৃদ্ধি পাচ্ছে। সর্বশেষ প্রাপ্ত তথ্যানুসারে, বাংলাদেশে ২০১৬-২০১৭ মৌসুমে ৪.৯৯ লক্ষ হেক্টর জমিতে আলু চাষ করা হয় যার মোট উৎপাদন ১০২ লক্ষ টন এবং গড় ফলন ছিল হেক্টর প্রতি ২০.৪৪ টন, যা বিশ্বের আলু উৎপাদনকারী অনেক দেশের তুলনায় বেশ কম। আলুর উন্নত জাত ও মানসম্পন্ন বীজ যথাযথ ব্যবহার না হওয়াই এর অন্যতম কারণ। বিএআরআই এর বিজ্ঞানীবৃন্দ সংকরায়নের মাধ্যমে এ পর্যন্ত ১৩টি উচ্চ ফলনশীল আলুর জাত উদ্ভাবন করেছে এবং এদের প্রত্যেকটির গড় ফলন হেক্টর প্রতি প্রায় ৪০ টন। এই পুস্তিকায় নিজস্ব সংকরায়নের মাধ্যমে উদ্ভাবিত ১৩টি জাতের বর্ণনা ছবিসহ উপস্থাপন করা হয়েছে। আশা করি পুস্তিকাটি বিজ্ঞানী, কৃষক, সম্প্রসারণ কর্মী, ছাত্র, শিক্ষক, সমাজকর্মী, শিল্পোদ্যোক্তা, সর্বোপরি কৃষি সংশ্লিষ্ট সকলের উপকারে আসবে। পরিশেষে, এই উদ্যোগে যাঁরা নিরলস শ্রম দিয়েছেন তাদের সবাইকে আন্তরিক ধন্যবাদ।

**(ড. তপন কুমার পাল)**



**প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা**
কন্দাল ফসল গবেষণা কেন্দ্র
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট



## ভূমিকা

আলু বাংলাদেশের একটি সম্ভাবনাময় ফসল কারণ এটি অধিক ফলনশীল, স্বল্প জীবনকাল, অধিক আয় ও উচ্চ পুষ্টি গুণসম্পন্ন। এদেশের ক্রমবর্ধমান জনসংখ্যার খাদ্য চাহিদা পূরণে ও পুষ্টিহীনতা দূরীকরণে আলু গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম। বাংলাদেশে স্বাভাবিক অবস্থায় আলু গাছে ফুল ফোটে না। আলুতে ফুল ফোটার জন্য দীর্ঘ দিবস দৈর্ঘ্যের সাথে ঠাণ্ডা আবহাওয়া প্রয়োজন। তাছাড়াও বাংলাদেশে চাষাধীন আলু জাতসমূহ টেট্রাপ্লয়েড হওয়ার কারণে এবং তাতে পুং বন্ধ্যাত্ব, স্ব-অসংগতি (Self incompatibility) ও ভাইরাস রোগের প্রতি সংবেদনশীলতা থাকায় সংকরায়ন বা প্রচলিত প্রজনন পদ্ধতি ব্যবহার করা খুবই কঠিন। তারপরও বাংলাদেশের আবহাওয়ায় দীর্ঘকাল গবেষণা চালিয়ে কন্দাল ফসল গবেষণা কেন্দ্র আলুর প্রজননের উপযুক্ত কৌশল নিধারণ করতে সক্ষম হয়েছে। গবেষণা ফলাফলের ভিত্তিতে বিভিন্ন কলাকৌশল সমন্বয় করে, যেমন, উচ্চ চাপে সোডিয়াম লাইট ব্যবহার করে দিবস দৈর্ঘ্য বৃদ্ধি, ব্রিক প্লান্টিং পদ্ধতি ব্যবহার, ফাইটোহরমোন প্রয়োগ, বিভিন্ন ধরনের কৃষিতাত্ত্বিক পরিচর্যা ইত্যাদি সমন্বয়ের মাধ্যমে আলুর প্রজনন কার্যক্রম (ফুল ফোটানো, ফল ধরা, পরিপক্ক ফল হতে বীজ সংগ্রহ করা, বীজ থেকে চারা উৎপাদন করা ইত্যাদি) সফলভাবে পরিচালনা পদ্ধতি নির্ধারণ করা হয়েছে। এ গবেষণা সফলতা নিয়ে আসার জন্য **ড. মো. হারুন-অর-রশীদ**, সাবেক পরিচালক, অগ্রণী ভূমিকা পালন করেছেন। বাংলাদেশে ১৯৯৯-২০০০ সালে নিয়মতান্ত্রিক সংকরায়ন শুরু হয়। সংকরায়নের মাধ্যমে উৎপাদিত হাইব্রিড বীজ এবং ক্লোনাল জাত প্রতি বছর নিয়মতান্ত্রিক উপায়ে মূল্যায়ন করা হয়। ক্লোনাল জাতের প্রথম সেটটি ২০১১-১২ সালে কারিগরি কমিটি কর্তৃক মূল্যায়িত হবার পর ২০১২ সালে ৫টি জাত অবমুক্ত করা হয়। এগুলোই ছিল প্রথম অবমুক্তায়িত বাংলাদেশের নিজস্ব আলুর জাত। ২০১৫-১৬ সাল পর্যন্ত ১৩ টি ক্লোনাল জাত অবমুক্ত করা হয়েছে যার প্রত্যেকটির গড় ফলন হেক্টরপ্রতি প্রায় ৪০ টন। যার মধ্যে উচ্চ ফলনশীল খাবার আলু, প্রক্রিয়াজাতকরণ উপযোগী আলু ও বিভিন্ন বৈশিষ্ট্যের আলু রয়েছে। জাতগুলো উদ্ভাবনের সাথে লেখকরা ছাড়াও আরও অনেকে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সম্পৃক্ত ছিলেন তারা হলেন ড. তপন কুমার দে, সাবেক পরিচালক, ড. মুহাম্মদ হোসেন, পরিচালক (ডাল গবেষণা কেন্দ্র), ড. বীরেশ কুমার গোস্বামী, মহাপরিচালক (বিনা), ড. মো. আবু আলম মন্ডল, ড. মো. আজিজুল হক, ড. মুহা. মতিয়ার রহমান, ড. হরিদাস চন্দ্র মোহন্ত, ড. আশিষ কুমার সাহা, ড. আব্দুল্লাহ-আল-মাহমুদ, জনাব মো. মোস্তাহেদ হোসেন, জনাব সিদরাত আবদুল্লাহ, জনাব এ টি এম তানজিমুল ইসলাম, মো. আবু কাওছার, জনাব মো.

মিজানুর রহমান, জনাব মো. বাবুল আনোয়ার, জনাব মো. মহিউদ্দীন শেখ, জনাব মো. জাহেরুল ইসলাম, জনাব নিজাম উদ্দিন আহমেদ, জনাব মো. শফিকুল ইসলাম এবং বিভিন্ন বৈজ্ঞানিক সহযোগী বৃন্দ, সকল কে কৃতজ্ঞতা জানাচ্ছি। এ ছাড়াও অত্র কেন্দ্রের পূর্বের ও বর্তমান কর্মরত প্রোডাকশন টেকনোলজি এবং পোষ্ট হারভেষ্ট বিভাগের ড. ফরিদা বেগম, বেগম সাজেদা আক্তার, ড. মো. ছামছুল আলম, রোগতত্ত্ব বিভাগের ড. কাজী আব্দুল কাদের, ড. মাহাবুবা বেগম, ড. মোহাম্মদ জিয়াউল হক, মো. ইকবাল হোসেন, কীটতত্ত্ব বিভাগের ড. কবির উদ্দিন আহমেদ, মোছা. মাজিদা খাতুন সহ অন্যান্য সকলকে কৃতজ্ঞতা জানাচ্ছি। বইটি তৈরিতে অত্র কেন্দ্রের অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও বিএআরআই প্রকাশনা শাখার সকলকে ধন্যবাদ জানাচ্ছি। পুস্তিকাটি যাতে অন্য ভাষাভাষীরাও বুঝতে পারে সেজন্য বাংলার সাথে সাথে বিভিন্ন বৈশিষ্ট্যাবলী ইংরেজিতে প্রদান করা হয়েছে। কন্দাল ফসল গবেষণা কেন্দ্র কর্তৃক সংকরায়নের মাধ্যমে উদ্ভাবিত ক্লোনাল জাতসমূহের প্রধান বৈশিষ্ট্যগুলো চিত্রসহ বর্ণনা করা হল। যা আলু উৎপাদনকারী, শিল্প উদ্যোক্তা, রপ্তানিকারক, ছাত্র, শিক্ষক গবেষক সকলের উপকারে আসবে বলে মনে করি। সকলে উপকৃত হলেই আমাদের এই ক্ষুদ্র প্রয়াস সার্থক হবে।

**(ড. বিমল চন্দ্র কুন্ডু)**

# সূচিপত্র


| ক্রমিক নম্বর | বিবরণ | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১. | বারি আলু-৩৫ | ১৩ |
| ২. | বারি আলু-৩৬ | ১৫ |
| ৩. | বারি আলু-৩৭ | ১৭ |
| ৪. | বারি আলু-৪০ | ১৯ |
| ৫. | বারি আলু-৪১ | ২১ |
| ৬. | বারি আলু-৪৭ | ২৩ |
| ৭. | বারি আলু-৪৮ | ২৫ |
| ৮. | বারি আলু-৪৯ | ২৭ |
| ৯. | বারি আলু-৫০ | ২৯ |
| ১০. | বারি আলু-৫৬ | ৩১ |
| ১১. | বারি আলু-৫৭ | ৩৩ |
| ১২. | বারি আলু-৬২ | ৩৫ |
| ১৩. | বারি আলু-৬৩ | ৩৮ |



## জাত : বারি আলু-৩৫

## Variety : BARI Alu-35



**উৎপত্তি স্থান** : বাংলাদেশ।

**Origin** : Bangladesh.

**বংশ** : Cardinal × Unknown (4.5 W).

**Parentage** : Cardinal × Unknown (4.5 W).

**অনুমোদিত** : ২০১২ খ্রি.।

**Release year** : 2012.

**গাছ** : মধ্যম উচ্চতাসম্পন্ন এবং গড়ে ৪/৫ টি কাণ্ড থাকে। কাণ্ড সবুজ এবং এন্থোসায়ানিনের বিস্তৃতি কম। পাতা মধ্যম আকারের, খুব কম ঢেউ খেলানো এবং মধ্য শিরায় এন্থোসায়ানিন কম।

**Plant** : Medium plant height with intermediate type of stem. Average stem/hill is 4/5. Stem green with weak extension of anthocyanine coloration. Medium size of leaf with weak anthocyanine coloration of mid rib. Very weak waviness of margin of the leaflet.

**আলু** : ডিম্বাকৃতি ও মধ্যম আকারের। আলুর রঙ বাদামী (হলুদাভ), ত্বক মসৃণ। আলুর শাঁসের রঙ হালকা ক্রিম। চোখ অগভীর।

**Tuber** : Oval shaped medium size Brown (Yellowish) color tuber with shallow eye depth. Flesh color light cream.

**শুষ্ক পদার্থ** : ২০.২৬ ± ১%।

**Dry matter** : 20.26 ± 1%.

**অঙ্কুর** : মাঝারী উপগোলাকার, খুবই কম এন্থোসায়ানিন আছে, গোড়ার দিক পাতলা লোমশ, অগ্রভাগ ছোট আকারের।

**Sprout** : Medium size with spherical shape, very weak intensity of anthocyanin coloration, very weak pubescence of base with small size of tip.

**অঙ্কুরোদগম** : সাধারণ তাপমাত্রায় ৬৫-৭০ দিনে অঙ্কুর (স্প্রাউট) বের হয়।

**Emergence** : 65-70 days are required for sprouting in normal temperature.

**জীবন কাল** : ৯০-৯৫ দিনে আলু পরিপক্কতা লাভ করে।

**Duration** : Tuber gets mature within 90-95 days.

**ফলন** : গড় ফলন হেক্টরপ্রতি ৩০-৪৫ টন।

**Yield** : Average yield 30-45 t/ha.

**বিশেষ বৈশিষ্ট্য** : এ জাতটি প্রক্রিয়াজাতকরণ ও খাবার উপযোগী।

**Distinguish character** : Suitable for table and processing purpose.




*বারি আলু-৩৫*

## জাত : বারি আলু-৩৬
## Variety : BARI Alu-36



**উৎপত্তি স্থান** : বাংলাদেশ।

**Origin** : Bangladesh.

**বংশ** : Patronese × TPS- 67 (4.26 R).

**Parentage** : Patronese × TPS- 67 (4.26 R).

**অনুমোদিত** : ২০১২ খ্রি.।

**Release year** : 2012.

**গাছ** : মধ্যম উচ্চতাসম্পন্ন এবং গড়ে ৪/৫ টি কাণ্ড থাকে। গাছ মাঝারী খাড়া প্রকৃতির, কাণ্ড সবুজ এবং এন্থোসায়ানিন এর বিস্তৃতি বেশি। পাতা মধ্যম আকারের, খুব কম ঢেউ খেলানো এবং মধ্যশিরায় এন্থোসায়ানিন এর বিস্তৃতি বেশি।

**Plant** : Medium plant height with intermediate type of stem. Average stem/hill is 4/5. Growth habit semi-erect. Stem green with strong extension anthocyanine coloration. Medium size of leaf with strong anthocyanine coloration of mid rib. very weak waviness of margin of the leaflet.

**আলু** : ডিম্বাকৃতি থেকে লম্বাকৃতি ও মধ্যম আকারের। আলুর রঙ লাল ও চোখ অগভীর। আলুর শাঁসের রং ক্রিম।

**Tuber** : Oval to long oval shaped medium size red color tuber with shallow eye depth. Flesh color cream.

**শুষ্ক পদার্থ** : ১৯.৬৮ ± ১%।

**Dry matter** : 19.68 ± 1%.

**অঙ্কুর** : ছোট উপগোলাকার, গোড়ার দিকে পাতলা লোমশ, অগ্রভাগে খুবই কম পরিমাণে এন্থোসায়ানিন আছে এবং লোম অনুপস্থিত।

**Sprout** : Small; spherical with weak pubescence of base, very weak intensity of anthocyanin coloration of tip, pubescence of tip absent.

| | | |
|---|---|---|
| **অঙ্কুরোদগম** | : | সাধারণ তাপমাত্রায় ৬০-৬৫ দিনে অঙ্কুর (স্প্রাউট) বের হয়। |
| **Emergence** | : | 60-65 days are required for sprouting in normal temperature. |
| **জীবন কাল** | : | ৯০-৯৫ দিন। |
| **Duration** | : | 90-95 days. |
| **ফলন** | : | গড় ফলন হেক্টরপ্রতি ৩০-৪০ টন। |
| **Yield** | : | Average yield 30-40 t/ha. |
| **বিশেষ বৈশিষ্ট্য** | : | এ জাতটি প্রক্রিয়াজাতকরণ ও খাবার উপযোগী। |
| **Distinguish character** | : | Suitable for table and processing purpose. |



*বারি আলু-৩৬*

## জাত : বারি আলু-৩৭

## Variety : BARI Alu-37



| | | |
|---|---|---|
| উৎপত্তি স্থান | : | বাংলাদেশ। |
| **Origin** | : | Bangladesh. |
| বংশ | : | 934 × TPS- 67 (4.40). |
| **Parentage** | : | 934 × TPS- 67 (4.40). |
| অনুমোদিত | : | ২০১২ খ্রি.। |
| **Release year** | : | 2012. |
| গাছ | : | মধ্যম উচ্চতাসম্পন্ন এবং গড়ে ৪/৫ টি কাণ্ড থাকে। কাণ্ড সবুজ এবং এন্থোসায়ানিন এর বিস্তৃতি নেই। পাতা মধ্যম আকারের, খুব কম ঢেউ খেলানো এবং মধ্য শিরায় এন্থোসায়ানিন কম। |
| **Plant** | : | Medium plant height with intermediate type of stem. Average stem/hill is 4/5. Stem green with no anthocyanine coloration. Medium size of leaf with weak anthocyanine coloration of mid rib.Very weak waviness of margin of the leaflet. |
| আলু | : | লম্বা-ডিম্বাকৃতি ও মধ্যম আকারের। আলুর রঙ হালকা বাদামী (হলুদাভ), চামড়া মসৃণ। আলুর শাসের রঙ হালকা হলুদাভ ও চোখ অগভীর। |
| **Tuber** | : | Long oval shaped medium size light brownish (Yellowish) color tuber with shallow eye depth. Flesh color light yellow. |
| শুষ্ক পদার্থ | : | ২০.০৯ ± ১%। |
| **Dry matter** | : | 20.09 ± 1%. |
| অঙ্কুর | : | বড়, সিলিন্ডার আকৃতির ও বেশি এন্থোসায়ানিন আছে, গোড়ার দিকে ঘন লোম দেখা যায়। |
| **Sprout** | : | Large size with cylindrical shape, strong intensity of anthocyanin coloration, medium to strong pubescence of base. |

**অঙ্কুরোদগম** : সাধারণ তাপমাত্রায় ৬০-৬৫ দিনে অঙ্কুর (স্প্রাউট) বের হয়।

**Emergence** : 60-65 days are required for sprouting in normal temperature.

**জীবন কাল** : ৯০-৯৫ দিন।

**Duration** : 90-95 days.

**ফলন** : গড় ফলন হেক্টরপ্রতি ৩০-৪০ টন।

**Yield** : Average yield 30-40 t/ha.

**বিশেষ বৈশিষ্ট্য** : এ জাতটি প্রক্রিয়াজাতকরণ ও খাবার উপযোগী।


**Distinguish character** : Suitable for table and processing purpose.




*বারি আলু-৩৭*

## জাত : বারি আলু-৪০

## Variety : BARI Alu-40



| | | |
|---|---|---|
| উৎপত্তি স্থান | : | বাংলাদেশ। |
| **Origin** | : | Bangladesh. |
| বংশ | : | Patronese × TPS-67 (4.45 W). |
| **Parentage** | : | 934 × TPS-67 (4.45 W). |
| অনুমোদিত | : | ২০১২ খ্রি.। |
| **Release year** | : | 2012. |
| গাছ | : | গাছ মাধ্যম উচ্চতাসম্পন্ন এবং গড়ে ৪/৫টি কাণ্ড থাকে। কাণ্ড সবুজ এবং এন্থোসায়ানিন এর বিস্তৃতি কম। পাতা মধ্যম আকারের, খুব কম ঢেউ খেলানো এবং মধ্য শিরায় এন্থোসায়ানিন নাই। |
| **Plant** | : | Medium plant height with intermediate type of stem. Average stem/hill is 4/5. Erect stem green with low extension of anthocyanine coloration. Medium size of leaf with no anthocyanine coloration of mid rib.Very weak waviness of margin of the leaflet. |
| আলু | : | আলু খাটো ডিম্বাকৃতি ও মধ্যম আকারের। আলুর রঙ হলুদ, চামড়া মসৃণ। আলুর শাঁসের রঙ হালকা হলুদ। চোখ মধ্যম অগভীর। |
| **Tuber** | : | Short oval shaped, medium size yellow color tuber smooth skin with medium shallow eye depth. Flesh color light yellow. |
| শুষ্ক পদার্থ | : | ২০.২২ ± ১%। |
| **Dry matter** | : | 20.22 ± 1%. |
| অঙ্কুর | : | মাঝারী ইস্‌ফেরিক্যাল, গোড়ার দিক বেশি পরিমাণে রেড-ভায়োলেট এন্থোসায়ানিন আছে, গোড়ার দিক মাঝারী লোমযুক্ত, অগ্রভাগ মাঝারী। |
| **Sprout** | : | Medium size with spherical shape, strong intensity of anthocyanin coloration, medium pubescence of base with small medium of tip. |
| অঙ্কুরোদগম | : | সাধারণ তাপমাত্রায় ৬৫-৭০ দিনে অঙ্কুর (স্প্রাউট) বের হয়। |

**Emergence** : 65-70 days are required for sprouting in normal temperature.

**জীবন কাল** : ৯০-৯৫ দিনে আলু পরিপক্কতা লাভ করে।

**Duration** : Tubers get mature within 90-95 days.

**ফলন** : গড় ফলন হেক্টরপ্রতি ৩৫-৫৫ টন।

**Yield** : Average yield 35-55 t/ha.

**বিশেষ বৈশিষ্ট্য** : এ জাতটি প্রক্রিয়াজাতকরণ ও খাবার উপযোগী।

**Distinguish character** : Suitable for processing and table purpose.




*বারি আলু-৪০*

## জাত : বারি আলু-৪১

## Variety : BARI Alu-41



| | | |
|---|---|---|
| উৎপত্তি স্থান | : | বাংলাদেশ। |
| **Origin** | : | Bangladesh. |
| বংশ | : | Carlita × TPS-67 (5.183). |
| **Parentage** | : | Carlita × TPS-67 (5.183). |
| অনুমোদিত | : | ২০১২ খ্রি.। |
| **Release year** | : | 2012. |
| গাছ | : | গাছ মাধ্যম উচ্চতাসম্পন্ন এবং গড়ে ৪/৫ টি কাণ্ড থাকে। কাণ্ড সবুজ এবং এন্থোসায়ানিন এর বিস্তৃতি বেশি। পাতা বড় খুব কম ঢেউ খেলানো এবং মধ্য শিরায় এন্থোসায়ানিন মাধ্যম। |
| **Plant** | : | Medium plant height with intermediate type of stem. Average stem/hill is 4/5. Stem green with strong extension of anthocyanine coloration. Large size of leaf with medium anthocyanine coloration of mid rib. Very weak waviness of margin of the leaflet. |
| আলু | : | আলু গোলাকার থেকে চ্যাপ্টা গোলাকার (খাটো ডিম্বাকৃতির) মধ্যম আকারের। আলুর রঙ গাঢ় লাল, চামড়া মসৃণ। আলুর শাঁসের রঙ হালকা হলুদ। চোখ মধ্যম অগভীর। |
| **Tuber** | : | Round to flat round (short oval) shaped medium size deep red color tuber with medium shallow eye depth. Flesh color light yellow. |
| শুষ্ক পদার্থ | : | ২১.২০ ± ১%। |
| **Dry matter** | : | 21.20 ± 1%. |
| অঙ্কুর | : | মাঝারী ওভোয়েড, গোড়ার দিক খুব কম পরিমাণে রেড-ভায়োলেট এন্থোসায়ানিন আছে, গোড়ার দিক মাঝারী লোমযুক্ত, অগ্রভাগ মাঝারী। |

**Sprout** : Medium size with ovoid shape, very weak intensity of anthocyanin coloration, medium pubescence of base with medium size of tip.

**অঙ্কুরোদগম** : সাধারণ তাপমাত্রায় ৬০-৬৫ দিনে অঙ্কুর (স্প্রাউট) বের হয়।

**Emergence** : 60-65 days are required for sprouting in normal temperature.

**জীবন কাল** : ৯০-৯৫ দিনে আলু পরিপক্কতা লাভ করে।

**Duration** : Tuber gets mature within 90-95 days.

**ফলন** : গড় ফলন হেক্টরপ্রতি ৩৮-৫৪ টন।

**Yield** : Average yield 38-54 t/ha.

**বিশেষ বৈশিষ্ট্য** : এ জাতটি প্রক্রিয়াজাতকরণ ও খাবার উপযোগী।

**Distinguish character** : Suitable for processing and table purpose.




*বারি আলু-৪১*

## জাত : বারি আলু-৪৭

## Variety : BARI Alu-47



| | | |
|---|---|---|
| উৎপত্তি স্থান | : | বাংলাদেশ। |
| **Origin** | : | Bangladesh. |
| বংশ | : | Cardinal × TPS-67 (7.12). |
| **Parentage** | : | Cardinal × TPS-67 (7.12). |
| অনুমোদিত | : | ২০১৪ খ্রি.। |
| **Release year** | : | 2014. |
| গাছ | : | মধ্যম উচ্চতাসম্পন্ন এবং গড়ে ৪/৬টি কাণ্ড থাকে। কাণ্ড সবুজ এবং গোড়ায় এন্থোসায়ানিন এর বিস্তৃতি কম। পাতা মধ্যম আকারের, কম ঢেউ খেলানো এবং মধ্য শিরায় এন্থোসায়ানিন খুব কম। |
| **Plant** | : | Medium plant height with intermediate type of stem. Stem green with weak extension of anthocyanine coloration on the base of the stem. Medium size of leaf with very weak anthocyanine coloration of mid rib. Weak waviness of margin of the leaflet. |
| আলু | : | আলু খাটো ডিম্বাকৃতি থেকে ডিম্বাকৃতি ও ছোট থেকে মধ্যম আকারের। আলুর রঙ হলুদ, চামড়া মসৃণ। আলুর শাঁসের রঙ হালকা হলুদ। চোখ মধ্যম গভীর। |
| **Tuber** | : | Short oval to oval shaped small to medium size yellow color tuber with medium eye depth. Flesh color light yellow. |
| শুষ্ক পদার্থ | : | ১৮.৫৫ ± ১%। |
| **Dry matter** | : | 18.55 ± 1%. |
| অঙ্কুর | : | মাঝারী ব্রড-সিলিন্ড্রিক্যাল, গোড়ার দিক খুব বেশি পরিমাণে রেড-ভায়োলেট এন্থোসায়ানিন আছে, গোড়ার দিক বেশি লোমযুক্ত, অগ্রভাগ মাঝারী । |
| **Sprout** | : | Medium size with broad cylindrical shape, very strong intensity of anthocyanin coloration, strong pubescence of base with medium size of tip. |

**অঙ্কুরোদগম** : সাধারণ তাপমাত্রায় ৬০-৬৫ দিনে অঙ্কুর (স্প্রাউট) বের হয়।

**Emergence** : 60-65 days are required for sprouting in normal temperature.

**জীবন কাল** : ৯০-৯৫ দিন।

**Duration** : 90-95 days.

**ফলন** : গড় ফলন হেক্টরপ্রতি ৪৫.১৪ (৩২.৬৩-৬৩.০৬) টন।

**Yield** : Average yield 45.14 (32.63-63.06) t/ha.

**বিশেষ বৈশিষ্ট্য** : জাতটি খাবার আলু হিসেবে উপযোগী।

**Distinguish character** : Suitable for table purpose.




*বারি আলু-৪৭*

## জাত : বারি আলু-৪৮

## Variety : BARI Alu-48



**উৎপত্তি স্থান** : বাংলাদেশ।

**Origin** : Bangladesh.

**বংশ** : MF-II × TPS-67 (7.33).

**Parentage** : MF-II × TPS-67 (7.33).

**অনুমোদিত** : ২০১৪ খ্রি.।

**Release year** : 2014.

**গাছ** : গাছ মধ্যম উচ্চতাসম্পন্ন ইন্টারমিডিয়েট টাইপ। গাছ মাঝারী খাড়া প্রকৃতির, ৩-৪টি কাণ্ড থাকে। কাণ্ড সবুজ কিন্তু গোড়ার দিকে এন্থোসায়ানিনের মধ্যম বিস্তৃতি আছে। মধ্যম আকারের পাতা কম ঢেউ খেলানো এবং মধ্য শিরায় এন্থোসায়ানিন খুবই কম বিদ্যমান।

**Plant** : Medium plant height with intermediate type of stem. Average stem/hill is 3-4. Semi-erect green stem with medium extension of anthocyanine coloration on the base of the stem. Medium size of leaf with very weak anthocyanine coloration of mid rib. Weak waviness of margin of the leaflet.

**আলু** : আলু খাটো ডিম্বাকৃতি থেকে ডিম্বাকৃতি মধ্যম আকারের। আলুর রঙ হলুদ, শাঁসের রং হালকা হলুদ। চোখ মধ্যম গভীর।

**Tuber** : Short oval to oval shaped medium size yellow color tuber with medium eye depth. Flesh color light yellow.

**শুষ্ক পদার্থ** : ১৮.৪২ ± ১%।

**Dry matter** : 18.42 ± 1%.

**অঙ্কুর** : ছোট আকারের ব্রড-সিলিন্ড্রিক্যাল, গোড়ার দিক এন্থোসায়ানিনের বিস্তৃতি মধ্যম, গোড়ার দিক বেশি লোমযুক্ত, অগ্রভাগ ছোট আকারের।

**Sprout** : Small size with broad cylindrical shape, medium intensity of anthocyanin coloration, strong pubescence of base with small size of tip.

| | | |
|---|---|---|
| **অঙ্কুরোদগম** | : | সাধারণ তাপমাত্রায় ১৪০-১৪৫ দিনে অঙ্কুর (স্প্রাউট) বের হয়। |
| **Emergence** | : | 140-145 days are required for sprouting in normal temperature. |
| **জীবন কাল** | : | ৯০-৯৫ দিন। |
| **Duration** | : | 90-95 days. |
| **ফলন** | : | গড় ফলন হেক্টরপ্রতি ৪৩.৪২ (২৬.০৫-৬২.৪১) টন। |
| **Yield** | : | Average yield 43.42 (26.05-62.41)t/ha. |
| **বিশেষ বৈশিষ্ট্য** | : | জাতটি খাবার আলু ও রপ্তানী উপযোগী। |
| **Distinguish character** | : | Suitable for table and export purpose. |



*বারি আলু-৪৮*

## জাত : বারি আলু-৪৯

## Variety : BARI Alu-49



| | | |
|---|---|---|
| উৎপত্তি স্থান | : | বাংলাদেশ। |
| **Origin** | : | Bangladesh. |
| বংশ | : | Baraka × TPS-67 (7.50). |
| **Parentage** | : | Baraka × TPS-67 (7.50). |
| অনুমোদিত | : | ২০১৪ খ্রি.। |
| **Release year** | : | 2014. |
| গাছ | : | গাছ মধ্যম উচ্চতা সম্পন্ন ইন্টারমিডিয়েট টাইপ এবং গড়ে ৪-৫টি কাণ্ড থাকে। গাছ মাঝারী খাড়া প্রকৃতির, কাণ্ড সবুজ এবং গোড়ায় এন্থোসায়ানিন এর বিস্তৃতি মধ্যম। পাতা মধ্যম আকারের কম ঢেউ খেলানো এবং মধ্য শিরায় এন্থোসায়ানিন এর বিস্তৃতি খুবই কম। |
| **Plant** | : | Medium plant height with intermediate type of stem. Average stem/hill is 4-5. Semi-erect green stem with medium extension of anthocyanine coloration on the base of the stem. Medium size of leaf with very weak anthocyanine coloration of mid rib. Weak waviness of margin of the leaflet. |
| আলু | : | আলু গোলাকৃতি থেকে খাটো ডিম্বাকৃতির মধ্যম আকারের। আলু চামড়ার রঙ হলুদ, শাঁসের রঙ ক্রিম ও অগভীর চোখ বিশিষ্ট। |
| **Tuber** | : | Round to short oval shaped medium size yellow color tuber with shallow eye depth. Flesh color cream. |
| শুষ্ক পদার্থ | : | ১৮.৫৩ ± ১%। |
| **Dry matter** | : | 18.53 ± 1%. |
| অঙ্কুর | : | ছোট আকারের ওভোয়েড, গোড়ার দিক খুব বেশি পরিমাণে এন্থোসায়ানিন আছে, গোড়ার দিক বেশি লোমযুক্ত, অগ্রভাগ মাঝারী। |
| **Sprout** | : | Small size with ovoid shape, very strong intensity of anthocyanin coloration, strong pubescence of base with medium size of tip. |

| | | |
|---|---|---|
| **অঙ্কুরোদগম** | : | সাধারণ তাপমাত্রায় ৫৫-৬০ দিনে অঙ্কুর (স্প্রাউট) বের হয়। |
| **Emergence** | : | 55-60 days are required for sprouting in normal temperature. |
| **জীবন কাল** | : | ৯০-৯৫ দিন। |
| **Duration** | : | 90-95 days. |
| **ফলন** | : | গড় ফলন হেক্টরপ্রতি ৪৬.৪৫ (২৫.৩২-৬৬.১১) টন। |
| **Yield** | : | Average yield 46.45 (25.32-66.11) t/ha. |
| **বিশেষ বৈশিষ্ট্য** | : | জাতটি খাবার আলু হিসেবে উপযোগী। |
| **Distinguish character** | : | Suitable for table purpose. |




*বারি আলু-৪৯*

## জাত : বারি আলু-৫০

## Variety : BARI Alu-50



| | | |
|---|---|---|
| উৎপত্তি স্থান | : | বাংলাদেশ। |
| **Origin** | : | Bangladesh. |
| বংশ | : | $V_6$ × TPS-67 (7.86). |
| **Parentage** | : | $V_6$ × TPS-67 (7.86). |
| অনুমোদিত | : | ২০১৪ খ্রি.। |
| **Release year** | : | 2014. |
| গাছ | : | গাছ মধ্যম উচ্চতাসম্পন্ন ইন্টারমিডিয়েট টাইপ। গাছ মাঝারী খাড়া প্রকৃতির, ৪-৬টি কাণ্ড থাকে। কাণ্ড সবুজ এবং এন্থোসায়ানিন এর বিস্তৃতি খুবই বেশি। পাতা মধ্যম আকারের, মধ্যম ঢেউ খেলানো, মধ্য শিরায় এন্থোসায়ানিন এর বিস্তৃতি খুবই বেশি। |
| **Plant** | : | Medium plant height with intermediate type of stem. Average stem/hill is 4-6. Semi-erect green stem with very strong extension of anthocyanine coloration on the base of the stem. Medium size of leaf with very strong anthocyanine coloration of mid rib. Medium waviness of margin of the leaflet. |
| আলু | : | আলু গোলাকৃতি থেকে খাট ডিম্বাকৃতির মধ্যম আকারের। আলুর চামড়ার রঙ লাল, শাসের রঙ হালকা হলুদ। গভীর চোখ বিশিষ্ট। |
| **Tuber** | : | Round to short oval shaped medium size red color tuber with deep eye depth. Flesh color light yellow. |
| শুষ্ক পদার্থ | : | ১৭.৩৩ ± ১%। |
| **Dry matter** | : | 17.33 ± 1%. |
| অঙ্কুর | : | মাঝারী ওভোয়েড, গোড়ার দিক খুব বেশি পরিমাণে রেড-ভায়োলেট এন্থোসায়ানিন আছে, গোড়ার দিক হালকা লোমযুক্ত, অগ্রভাগ ছোট আকারের। |
| **Sprout** | : | Medium size with ovoid shape, very strong intensity of anthocyanin coloration, weak pubescence of base with small size of tip. |
| অঙ্কুরোদগম | : | সাধারণ তাপমাত্রায় ৬৫-৭০ দিনে অঙ্কুর (স্প্রাউট) বের হয়। |

| | | |
|---|---|---|
| **Emergence** | : | 65-70 days are required for sprouting in normal temperature. |
| **জীবন কাল** | : | ৯০-৯৫ দিন। |
| **Duration** | : | 90-95 days. |
| **ফলন** | : | গড় ফলন হেক্টরপ্রতি ৪৬.৫৯ (৩৪.৫২-৬২.৮৭) টন। |
| **Yield** | : | Average yield 46.59 (34.52-62.87) t/ha. |
| **বিশেষ বৈশিষ্ট্য** | : | এ জাতটি খাবার আলু হিসেবে উপযোগী। |
| **Distinguish character** | : | Suitable for table purpose. |



*বারি আলু-৫০*

# জাত : বারি আলু-৫৬

# Variety : BARI Alu-56



| | | |
|---|---|---|
| উৎপত্তি স্থান | : | বাংলাদেশ। |
| **Origin** | : | Bangladesh. |
| বংশ | : | G90 (8.46). |
| **Parentage** | : | G90 (8.46). |
| অনুমোদিত | : | ২০১৪ খ্রি.। |
| **Release year** | : | 2014. |
| গাছ | : | গাছ মধ্যম উচ্চতাসম্পন্ন ইন্টারমিডিয়েট টাইপ। ৪-৬টি কাণ্ড থাকে। কাণ্ড লাল-বাদামী এবং গোড়ায় এন্থোসায়ানিন এর বিস্তৃতি খুব বেশি। পাতা মধ্যম আকারের, কম ঢেউ খেলানো এবং মধ্য শিরায় এন্থোসায়ানিন এর বিস্তৃতি কম। |
| **Plant** | : | Medium plant height with intermediate type of stem. Average stem/hill is 4-6. Stem red-brown with very strong extension of anthocyanine coloration at the base of stem. Medium size of leaf with weak anthocyanine coloration of mid rib. Weak waviness of margin of the leaflet. |
| আলু | : | আলু গোলাকার থেকে খাট ডিম্বাকৃতি ও মধ্যম আকারের। আলুর চামড়ার রঙ লাল (বেগুনী), চামড়া মসৃণ, শাসের রঙ হলুদ। গভীর চোখ বিশিষ্ট। |
| **Tuber** | : | Round to short oval shaped medium size tuber with deep eye depth. Red (purple) skin color with yellow flesh color. |
| শুষ্ক পদার্থ | : | ১৯.১৫ ± ১%। |
| **Dry matter** | : | 19.15 ± 1%. |
| অঙ্কুর | : | মাঝারী ওভোয়েড, গোড়ার দিক খুব বেশি পরিমাণে রেড-ভায়োলেট এন্থোসায়ানিন আছে, গোড়ার দিক হালকা লোমযুক্ত, অগ্রভাগ মাঝারী। |

| | | |
|---|---|---|
| **Sprout** | : | Medium size with ovoid shape and very strong intensity of anthocyanin coloration of base. Weak pubescence of base with medium size of tip. |
| **অঙ্কুরোদগম** | : | সাধারণ তাপমাত্রায় ৬০-৬৫ দিনে অঙ্কুর (স্প্রাউট) বের হয়। |
| **Emergence** | : | 60-65 days are required for sprouting in normal temperature. |
| **জীবন কাল** | : | ৯০-৯৫ দিন। |
| **Duration** | : | 90-95 days. |
| **ফলন** | : | গড় ফলন হেক্টরপ্রতি ৩৬.৬৭ (২৯.৬৪-৪৫.০১) টন। |
| **Yield** | : | Average yield 36.67 (29.64-45.01) t/ha. |
| **বিশেষ বৈশিষ্ট্য** | : | জাতটি খাবার আলু হিসেবে উপযোগী। |
| **Distinguish character** | : | Suitable for table purpose. |



*বারি আলু-৫৬*

## জাত : বারি আলু-৫৭

## Variety : BARI Alu-57



উৎপত্তি স্থান : বাংলাদেশ।

**Origin** : Bangladesh.

বংশ : C90 (8.73).

**Parentage** : C90 (8.73).

অনুমোদিত : ২০১৪ খ্রি.।

**Release year** : 2014.

গাছ : গাছ মধ্যম উচ্চতা সম্পন্ন এবং ইন্টারমিডিয়েট টাইপ। কাণ্ড সবুজ এবং এন্থোসায়ানিন এর বিস্তৃতি কম। পাতা মধ্যম আকারের, কম ঢেউ খেলানো এবং মধ্য শিরায় এন্থোসায়ানিন এর বিস্তৃতি কম।

**Plant** : Medium plant height with intermediate type of stem. Stem green with weak extension of anthocyanine coloration at the base of stem. Medium size of leaf with weak anthocyanine coloration of midrib. Weak waviness of margin of the leaflet.

আলু : আলু ডিম্বাকৃতি থেকে লম্বা ডিম্বাকৃতি ও মধ্যম থেকে বড় আকারের। আলুর রঙ হলুদ, চামড়া মসৃণ, আলুর শাঁসের রঙ সাদা। চোখ মধ্যম গভীর।

**Tuber** : Oval to long oval shaped medium to large size tuber with medium deep eye depth.Yellow skin color with white flesh color.

শুষ্ক পর্দাথ : ১৮.৯৭ ± ১%।

**Dry matter** : 18.97 ± 1%.

অঙ্কুর : মাঝারী ব্রড-সিলিন্ড্রিক্যাল, গোড়ার দিক এন্থোসায়ানিনের বিস্তৃতি মধ্যম, গোড়ার দিক হালকা লোমযুক্ত, অগ্রভাগ মাঝারী ।

**Sprout** : Medium size with broad cylindrical shape and medium intensity of anthocyanin coloration of base. Weak pubescence of base with medium size of tip.

**অঙ্কুরোদগম** : সাধারণ তাপমাত্রায় ৬৫-৭০ দিনে অঙ্কুর (স্প্রাউট) বের হয়।

**Emergence** : 65-70 days are required for sprouting in normal temperature.

**জীবন কাল** : ৯০-৯৫ দিন।

**Duration** : 90-95 days.

**ফলন** : গড় ফলন হেক্টরপ্রতি ৩৭.৭৪(২৯.৩৪-৪৫.২৪) টন।

**Yield** : Average yield 37.74 (29.34-45.24) t/ha.

**বিশেষ বৈশিষ্ট্য** : জাতটি প্রক্রিয়াজাতকরণ ও খাবার আলু হিসেবে উপযোগী।

**Distinguish character** : Suitable for processing and table purpose.



*বারি আলু-৫৭*

## জাত : বারি আলু-৬২

## Variety : BARI Alu-62



| | | |
|---|---|---|
| উৎপত্তি স্থান | : | বাংলাদেশ। |
| **Origin** | : | Bangladesh. |
| বংশ | : | Dura × TPS-67 (9.112). |
| **Parentage** | : | Dura × TPS-67 (9.112). |
| অনুমোদিত | : | ২০১৫ খ্রি.। |
| **Release year** | : | 2015. |
| গাছ | : | গাছ মধ্যম উচ্চতা সম্পন্ন ইন্টারমিডিয়েট টাইপ এবং গড়ে ৪-৭টি কাণ্ড থাকে। গাছ মাঝারী খাড়া প্রকৃতির ও শাখা-প্রশাখা কম। কাণ্ড সবুজ মাঝারী ধরনের মোটা এবং এন্থোসায়ানিন এর বিস্তৃতি মধ্যম। পাতা মাঝারী আকারের ও কম ঢেউ খেলানো। পাতায় সবুজ রঙের আধিক্য মাঝারী এবং মধ্য শিরায় এন্থোসায়ানিন এর বিস্তৃতি কম। পত্রফলক মধ্যম আকারের ও মাঝারী ধরনের চওড়া পত্রফলকের উপরের দিকের মসৃণতা মাঝারী। মধ্য শিরায় উপপত্রের সংখ্যা বেশি। শীর্ষের পত্রফলকে উপপত্রের সংখ্যা কম। পার্শ্বের পত্রফলকে মাঝারী সংখ্যক বড় আকারের উপপত্র দেখা যায়। |
| **Plant** | : | Medium plant height with intermediate type of stem and average stem/hill is 4-7; canopy habit semi determinate; growth habit semi-erect; few branching; thickness of main stem medium; extension of anthocyanin coloration of stem medium. Leaf size medium; leaf silhouette medium; intensity of green color medium; extension of anthocyanin coloration of mid rib weak; leaflet: size medium; width medium; frequency of (+) coalescence low; waviness of margin weak; Leaflet pigmentation at apical rosette absent; leaflet: glossiness of the upper-side medium; leaf (midrib): frequency of secondary leaflets large; terminal leaflet: frequency of secondary leaflets low; lateral leaflet: frequency of secondary leaflets medium; lateral leaflet: size of secondary leaflet large. |

| | | |
|---|---|---|
| **আলু** | : | আলু ডিম্বাকৃতি থেকে লম্বা ডিম্বাকৃতির ও মধ্যম থেকে বড় আকারের। আলুর চামড়ার রঙ হলুদ, চামড়ার মসৃণতা মাঝারী, শাসের রঙ হালকা হলুদ। অগভীর চোখ বিশিষ্ট এবং চোখ আলুতে সমভাবে বিন্যস্ত থাকে। |
| **Tuber** | : | Oval to long oval shape with medium to large size tuber; depth of eyes shallow; smoothness of tuber skin medium; color of tuber skin yellow; color of base of eye yellow; color of flesh light yellow; eye distribution even. |
| **শুষ্ক পদার্থ** | : | ১৯.২৪ (১৭.৩৩-২০.৮০%) |
| **Dry matter** | : | 19.24 (17.33-20.80%). |
| **অঙ্কুর** | : | অঙ্কুর মাঝারী আকারের ও কনিক্যাল আকৃতির, গোড়ার দিকে খুব বেশি পরিমাণে রেড-ভায়োলেট এন্থোসায়ানিন আছে ও হালকা লোমযুক্ত। অগ্রভাগ মাঝারী, এন্থোসায়ানিন এর বিস্তৃতি বেশি এবং মাঝারী লোমযুক্ত। |
| **Sprout** | : | size medium, shape conical, anthocyanin coloration of base red violet, intensity anthocyanin coloration of base very strong, pubescence of base weak, size of tip medium, habit of tip closed, intensity of anthocyanin color of tip strong, pubescence of tip medium. |
| **অঙ্কুরোদগম** | : | সাধারণ তাপমাত্রায় ১৮০-১৯০ দিনে অঙ্কুর (স্প্রাউট) বের হয়। |
| **Emergence** | : | 180-190 days are required for sprouting in normal temperature. |
| **জীবন কাল** | : | ৯০-৯৫ দিন। |
| **Duration** | : | 90-95 days. |
| **ফলন** | : | গড় ফলন হেক্টরপ্রতি ৪৩.৭০ (৩৫.৭৮-৫৬.৩২) টন। |
| **Yield** | : | Average yield 43.70 (35.78-56.32) t/ha. |
| **বিশেষ বৈশিষ্ট্য** | : | এ জাতটি খাবার আলু হিসেবে উপযোগী। জাতটি যেহেতু অনেকদিন সুপ্ত অবস্থায় থাকতে পারে সেহেতু এটি রপ্তানিযোগ্য। জাতটি সাধারণ তাপমাত্রায় ৫-৬ মাস সংরক্ষণ করা যায়। |

**Distinguish character** : Suitable for table purpose and also for export due to its long dormancy period; 5-6 month stored in natural temparature.




বারি আলু-৬২

## জাত : বারি আলু-৬৩
## Variety : BARI Alu-63



**উৎপত্তি স্থান** : বাংলাদেশ।

**Origin** : Bangladesh.

**বংশ** : $B_{25}$ × TPS-67 (9.125).

**Parentage** : $B_{25}$ × TPS-67 (9.125).

**অনুমোদিত** : ২০১৫ খ্রি.।

**Release year** : 2015.

**গাছ** : গাছ মধ্যম উচ্চতাসম্পন্ন ইন্টারমিডিয়েট টাইপ এবং গড়ে ৪-৬টি কাণ্ড থাকে। গাছ মাঝারী খাড়া প্রকৃতির ও শাখা-প্রশাখা কম। কাণ্ড সবুজ মাঝারী ধরনের মোটা এবং এন্থোসায়ানিন এর বিস্তৃতি মধ্যম। পাতা মাঝারী আকারের ও মধ্যম ঢেউ খেলানো। পাতায় সবুজ রঙের আধিক্য মাঝারী এবং মধ্য শিরায় এন্থোসায়ানিন এর বিস্তৃতি মধ্যম। পত্রফলক মধ্যম আকারের ও মাঝারী ধরনের চওড়া পত্রফলকের উপরের দিকের মসৃণতা মাঝারী। মধ্য শিরায় উপপত্রের সংখ্যা বেশি। শীর্ষের পত্রফলকে উপপত্রের সংখ্যা মাঝারী। পার্শ্বের পত্রফলকে মাঝারী সংখ্যক বড় আকারের উপপত্র দেখা যায়।

**Plant** : Medium plant height; intermediate type; canopy habit semi determinate; growth habit semi-erect; average stem/hill is 4-6; thickness of main stem medium; extension of anthocyanin coloration of stem medium. Leaf size medium; leaf silhouette medium; intensity of green color medium; extension of anthocyanin coloration of mid rib medium; leaflet: size medium; width medium; frequency of (+) coalescence low; waviness of margin medium; leaflet pigmentation at apical rosette absent; leaflet: glossiness of the upper-side medium; leaf (midrib): frequency of secondary leaflets large; terminal leaflet: frequency of secondary leaflets medium; lateral leaflet: frequency of secondary leaflets medium; lateral leaflet: size of secondary leaflet large.

| | | |
|---|---|---|
| আলু | : | আলু গোলাকার থেকে খাট ডিম্বাকৃতি ও বড় আকারের। আলুর চামড়ার রঙ আপেলের মত লাল, চামড়া মসৃণ। আলুর শাঁসের রঙ হলুদ। চোখ মধ্যম গভীর এবং চোখ আলুতে সমভাবে বিন্যস্ত নয়। |
| **Tuber** | : | Round to short oval (compress) shape; large size tuber; eyes depth medium; smooth tuber skin; color of tuber skin red (apple); color of base of eye red; color of flesh yellow; eye distribution predominantly. |
| শুষ্ক পদার্থ | : | ১৯.২২ (১৭.৯২-২১.৮২%)। |
| **Dry matter** | : | 19.22 (17.92-21.82%) |
| অঙ্কুর | : | অঙ্কুর মাঝারী আকারের ও ওভোয়েড আকৃতির, গোড়ার দিকে খুব বেশি পরিমাণে রেড-ভায়োলেট এন্থোসায়ানিন আছে ও হালকা লোমযুক্ত। অগ্রভাগ মাঝারী, এন্থোসায়ানিন এর বিস্তৃতি খুব বেশি এবং হালকা লোমযুক্ত। |
| **Sprout** | : | size medium, shape ovoid, anthocyanin coloration of base red-violet, intensity anthocyanin coloration of base very strong, pubescence of base weak, size of tip medium, habit of tip closed, intensity of anthocyanin color of tip very strong, pubescence of tip weak. |
| অঙ্কুরোদগম | : | সাধারণ তাপমাত্রায় ৭০-৭৫ দিনে অঙ্কুর (স্প্রাউট) বের হয়। |
| **Emergence** | : | 70-75 days are required for sprouting in normal temperature. |
| জীবন কাল | : | ৯০-৯৫ দিন। |
| **Duration** | : | 90-95 days. |
| ফলন | : | গড় ফলন হেক্টরপ্রতি ৪৩.২৯ (৩২.৩০-৫১.৬৭) টন। |
| **Yield** | : | Average yield 43.29 (32.30-51.67) t/ha. |
| বিশেষ বৈশিষ্ট্য | : | এ জাতটি খাবার আলু হিসেবে উপযোগী। |
| **Distinguish character** | : | Suitable for table purpose. |




বারি আলু-৬৩

Publication No. 1 bklt/2018-19




বিএআরআই প্রধান ফটক

**Editorial & Publication**
Training & Communication Wing
Bangladesh Agricultural Research Institute
Joydebpur, Gazipur-1701, Bangladesh
Phone: 02 49270038
E-mail: editor.bjar@gmail.com